গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(তথ্য প্রদান ইউনিট)
www.moulvibazar.gov.bd

**তথ্য অধিকার আইনের বাস্তবায়ন অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : মীর নাহিদ আহসান
জেলা প্রশাসক, মৌলভীবাজার
তারিখ : ২৪/০৮/২০২১ খ্রি:;
সময়: দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান : Zoom Application এর ভিডিও কনফারেন্স

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : Zoom Application এর ভিডিও কনফারেন্সের উপস্থিতি

সভার শুরুতে হাজার বছরের শ্রেষ্ট বাঙ্গালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিদেহী আত্মার প্রতি বিনম্র শ্রদ্ধা ও উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতি ক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন প্রকার সংশোধনী না থাকায় বিগত ২৮/০৬/২০২১ তারিখের সভার কার্যবিবরণী সভায় অনুমোদিত হয়। অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং আলোচনার জন্য আহবান জানান।

২। অত:পর সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:<br>প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং নিয়মিত ওয়েবসাইটে আপলোড করণের বিষয়ে আলোচনা হয়। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংক্রান্ত:<br>প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং নিয়মিত ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তরের দপ্তর প্রধান ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার। |
| ২. | কর্মকতা/ কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ সংক্রান্ত:<br>তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায়ে বাদ পড়া সংশ্লিষ্ট সরকারি, বেসরকারি দপ্তরের সকল কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করণের বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের নিমিত্ত জেলা ও উপজেলা পর্যায়ে বাদ পড়া সংশ্লিষ্ট সরকারি, বেসরকারি দপ্তরের সকল কর্মকর্তাকে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং প্রশিক্ষণের তথ্য এ কার্যালয়ে দাখিলসহ হালনাগাদ তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার |
| ৩. | সভা সংক্রান্ত:<br>তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়ন ও জোরদার করণের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কমিটির কার্যপরিধি অনুসারে নিয়মিত সভা করে সভার কার্যবিবরনী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য বিস্তারিত আলোচনা হয়। | তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়ন ও জোরদার করণের লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কমিটির কার্যপরিধি অনুসারে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)মৌলভীবাজার জেলা। |
| ৪. | তথ্য অধিকার বিষয়ক প্রচারণা:<br>তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও জোরদার করণের লক্ষ্য জনগনের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইনমতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ের সকল কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয়ে আলোচনা হয়। | তথ্য অধিকার আইনমতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য জেলা ও উপজেলা পর্যায়ের সকল কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)মৌলভীবাজার জেলা। |

| | | | |
|---|---|---|---|
| ৫. | <u>সংশ্লিষ্ট সংস্থার ওয়েব সাইটে স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ</u><br>তথ্য অধিকার আইন ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে উল্লেখ থাকায় তথ্য সমূহ প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল ১ ও তফসিল ২ এর আলোকে সকল দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য আলোচনা হয়। | তথ্য অধিকার আইন ২০০৯ এর তথ্য অধিকারর (তথ্য প্রকাশ ও প্রচারের বিষয়ে উল্লেখ থাকায় তথ্য সমূহ প্রচার) প্রবিধানমালা ২০১০ এর তফসিল ১ ও তফসিল ২ এর আলোকে সকল দপ্তরের ওয়েবসাইটে স্ব-প্রণোদিত ভাবে প্রকাশের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)মৌলভীবাজার জেলা। |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মীর নাহিদ আহসান)
জেলা প্রশাসক
মৌলভীবাজার।
☎ ০৮৬১-৬৩২০২

স্মারক নং ০৫.৪৬.৫৮০০.০২১.০০.০০১.২১. ৫০(১০০)

তারিখ ৫/৭/২০২১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৪. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার।
৬. অধ্যক্ষ, মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।
৭. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।
৮. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার।
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
১০. উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মৌলভীবাজার।
১১. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মৌলভীবাজার।
১২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
১৩. জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
১৪. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার।
১৫. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
১৬. সভাপতি, প্রেসক্লাব, মৌলভীবাজার।
১৭. সভাপতি, বার অ্যাসোসিয়েশন, মৌলভীবাজার।
১৮. সভাপতি, চেম্বার অব কমার্স, মৌলভীবাজার।
১৯. জেলা প্রতিনিধি, ব্র্যাক, মৌলভীবাজার।
২০. জেলা প্রতিনিধি, আশা, মৌলভীবাজার।
২১. ডা: আবু মুহিত চৌধুরী, পূর্ব গীর্জা পাড়া, মৌলভীবাজার।

(মীর নাহিদ আহসান)
জেলা প্রশাসক
মৌলভীবাজার।
☎ ০৮৬১-৬৩২০২